

## কৃষি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের ১১ নেতাকে শো'কজ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

কৃষি বিশ্ববিদ্যালয়, ৭ই মার্চ।- কৃষি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গোলাগুলি, ছাত্রীকে লাঞ্চিত ও আবাসিক হলে ছাত্রকে মারধরের ঘটনায় পৃথক-পৃথকভাবে ছাত্রলীগ (শা-পা) কৃষি বিশ্ববিদ্যালয় শাখার ১১ নেতার বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়েছে।

কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ডঃ আবদুল আউয়ালের সহী করা কারণ দর্শানো নোটিশ সংশ্লিষ্ট নেতাদের বাড়িতে ডাকযোগে পাঠানো হয়েছে তাদের অভিভাবকদের কাছে।

প্রক্টর জানান, গত ২৮শে ফেব্রুয়ারি কৃষি বিশ্ববিদ্যালয়ের কামাল-রণজিত মার্কেটে এবং ঈশা খী হলে ৩ জন ছাত্রকে প্রহার এবং গোলাগুলির কারণে পৃথক পৃথকভাবে মোট ৮ জনকে, একজন ছাত্রীকে লাঞ্চিত করা, ক্যাম্পাসের টিমিয়নমূলক কাজে বাধাদানসহ বিভিন্ন

শোকজ : পৃঃ ১১ কঃ ৭

### শোকজ : ১১ জনকে

(১০ পৃষ্ঠার পর)

কারণে আরও ৩ জনসহ মোট ১১ জনের বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না' মর্মে কারণ দর্শানো নোটিশ দেয়া হয়েছে।

যাদের নামে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়েছে তারা হলেন : মজনু মিয়া (এমএস কৃষি), সৈয়দ মাসাদুল হাসান আকিক (এমএস কৃষি), মিজানুর রহমান দুলাল (১ম বর্ষ কৃষি), আলমগীর মহিউদ্দীন কবির পায়াল (২য় বর্ষ কৃষি), মোঃ আবদুল বাতেন (২য় বর্ষ কৃষি), তারেক মাহমুদ বিপ্লব (৩য় বর্ষ কৃষি), আবদুল আজিজ (নাজমুল আহসান হলের ছাত্র), সেলিম আল মেহেদী (কৃষি অর্থনীতি অনুষদ), এএইচএম মোকামেল রুবেল (৩য় বর্ষ কৃষি), হিমালয় সাহা (শেষবর্ষ কৃষি প্রকৌশল) ও আজিজুর রহমান (শেষবর্ষ ভেটেরিনারি)।

গণতান্ত্রিক শিক্ষক ফেরাম বিভিন্ন ঘটনার সাথে জড়িতদের শাস্তি দাবি করে বিবৃতি দিয়েছে।